



নং-সিভাসু/ভিসি অফিস/কেন্দ্রীয় কৃষি গুচ্ছ ভর্তি ২০২৩-২৪/৩৪০

তারিখ: ০২/১২/২০২৪ খ্রি.

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণির কৃষিগুচ্ছ ভর্তি কার্যক্রম সম্পন্নকরণে প্রার্থী ও বিশ্ববিদ্যালয়ের করণীয় প্রসঙ্গ।

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণির কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষায় ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী এবং বিশ্ববিদ্যালয়সমূহকে নিম্নরূপ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- ১। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের আগামী ০৯/১২/২০২৪ থেকে ১২/১২/২০২৪ তারিখের মধ্যে চূড়ান্তভাবে নির্বাচিত বিশ্ববিদ্যালয়ে সশরীরে উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ২। ভর্তির সময় প্রার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্র এবং ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে প্রদত্ত ছবির অনুরূপ) জমা দিতে হবে। কোটা সংক্রান্ত মূল ডকুমেন্টস প্রদর্শন করতে হবে/প্রযোজ্য ক্ষেত্রে জমা দিয়ে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের যথোপযুক্ত কর্তৃপক্ষ প্রার্থীর কোটা সংক্রান্ত ডকুমেন্টস যথাযথভাবে যাচাইপূর্বক তাদের ভর্তি সম্পন্ন করবে। কোটার সনদসমূহ নিম্নবর্ণিত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হতে হবে।
 - (ক) মুক্তিযোদ্ধা কোটার জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদ। মুক্তিযোদ্ধার নাতি/নাতনিদের উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কন্যার সন্তান/নাতি-নাতনি এ বিষয়ে সুনির্দিষ্ট উল্লেখপূর্বক সনদ।
 - (খ) উপজাতি/আদিবাসী কোটার জন্য জেলা পরিষদ চেয়ারম্যানের সনদ।
 - (গ) প্রতিবন্ধী কোটার জন্য উপজেলা সমাজকল্যাণ কর্মকর্তার সনদ।
 - (ঘ) হরিজন-দলিত কোটার জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তার সনদ।
 - (ঙ) পোষ্য কোটার ক্ষেত্রে স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্বাক্ষরিত পোষ্য সংক্রান্ত সনদ।
 - (চ) প্রবাসীর সন্তানের ক্ষেত্রে প্রবাসীকল্যাণ মন্ত্রণালয় প্রদত্ত সনদ।
 - (ছ) বিকেএসপির ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের সনদ।
 - (জ) ছিটমহলের ক্ষেত্রে জেলা প্রশাসন কর্তৃক প্রদত্ত সনদ।

৩। ভর্তি ফিস সংক্রান্ত:

- (ক) বিশ্ববিদ্যালয়সমূহ নিজ নিজ ওয়েবসাইটে নির্ধারিত ভর্তি ফি'র পরিমাণ উল্লেখপূর্বক একটি বিজ্ঞপ্তি প্রকাশ করবে।
- (খ) চূড়ান্তভাবে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের প্রাপ্ত বিশ্ববিদ্যালয়সমূহের নির্ধারিত ভর্তি ফি-এর পরিমাণের সাথে পূর্বে/প্রথম ধাপে জমাকৃত অর্থ টাকা ১০,০০০/- (দশ হাজার মাত্র) সমন্বয় করে অবশিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হবে। প্রার্থীদের পূর্বে/প্রথম ধাপে জমাকৃত অর্থ টাকা ১০,০০০/- (দশ হাজার মাত্র) সমন্বয় করত: অবশিষ্ট আর কত টাকা জমা দিতে হবে তা বিশ্ববিদ্যালয়সমূহের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

কেন্দ্রীয় ভর্তি কমিটির সনুমোদনক্রমে,

(প্রফেসর ড. মোহাম্মদ লুৎফুর রহমান)

ভাইস-চ্যান্সেলর, সিভাসু

ও

সভাপতি, কেন্দ্রীয় ভর্তি কমিটি

কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২৩-২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

[জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়]

- ১। ট্রেজারার, সিভাসু।
- ২। আহবায়ক, টেকনিক্যাল কমিটি, কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২৩-২৪ (acas.edu.bd ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৩। ফোকাল পয়েন্ট (সকল), কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২৩-২৪।
- ৪। রেজিস্ট্রার (সকল), কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২৩-২৪, সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক (আইসিটি সেল), সিভাসু (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৬। নথি/মহানথি।